

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স -২০৪৬(আগরতলা, ১৯।১০)
বিশ্রামগঞ্জ, ১৯ অক্টোবর, ২০১৯

আধ্যাত্মিক মানসিকতা জীবনের সমৃদ্ধি ঘটায় : মুখ্যমন্ত্রী

ভ্রষ্টাচারমুক্ত, নারী নির্যাতনমুক্ত ত্রিপুরা গড়ে তোলার জন্য মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব সবার সহযোগিতা চেয়েছেন। আজ সিপাহীজলা জেলার অন্তর্গত নলছড় ব্লকের বৈরাগীবাজারের জুমেরটেপা গ্রাম পঞ্চায়েত প্রাঙ্গণে শান্তিকালী আশ্রম আয়োজিত অশ্বমেধ শান্তি যজ্ঞে অংশ নিয়ে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব ৩৭ লক্ষ ত্রিপুরাবাসীর শান্তি কামনায় সর্বশক্তিমানের আশীর্বাদ চেয়েছেন। তিনি বলেন, ভারতের কৃষ্টি, সংস্কৃতি এবং সভ্যতা হচ্ছে পৃথিবীর মধ্যে সবচেয়ে পুরনো। ৬০০ বছরের মুঘল শাসন, ২০০ বছরের ইংরেজ শাসনের পরও ভারতের চিরাচরিত ঐতিহ্য স্ব-মহিমায় উজ্জ্বল রয়েছে। এর উপর কেউ আঘাত হানতে পারেনি। তিনি সবাইকে মানসিকভাবে শক্তিশালী থাকার জন্যে মা-বাবার আশীর্বাদ নিয়ে চলার উপর গুরুত্ব আরোপ করে বলেন, আধ্যাত্মিক মানসিকতা এবং পূজো পাঠের দিকে মনোযোগী হলে মানসিকভাবে ভাল থাকার পাশাপাশি জীবনে সমৃদ্ধিও আসে। তিনি বলেন, প্রত্যেকেরই নিজের পরিবার, সংস্কার, কাস্টমারি ল ইত্যাদি আছে এবং এগুলি পালন করারও অধিকার আছে। অনুষ্ঠানে স্বাগত ভাষণে শান্তিকালী আশ্রমের স্বামী চিত্তরঞ্জন মহারাজ জানান আগামী ৬ মাস রাজ্যের বিভিন্ন প্রান্তে রাজ্যবাসীর মঙ্গল কামনায় অশ্বমেধ শান্তি যজ্ঞের আয়োজন করা হবে। মহাযজ্ঞ অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ছাড়াও মুখ্যমন্ত্রীর পত্নী নিতি দেব অংশ নেন। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন সাংসদ প্রতিমা ভৌমিক, বিধায়ক সুভাষ চন্দ্র দাস, ত্রিপুরা খাদি ও গ্রামোদ্যোগ বোর্ডের চেয়ারম্যান রাজীব ভট্টাচার্য প্রমুখ।

B.D